# জাল হাদীছের কবলে রাসূলুল্লাহ (ছাঃ)-এর ছালাত

বিভাগ/অধ্যায়ঃ পবিত্রতা (ওযূ ও তায়াম্মুম)

রচয়িতা/সঙ্কলকঃ মুযাফফর বিন মুহসিন

(৯) পেশাব-পায়খানা থেকে বের হওয়ার পর 'আল-হামদুলিল্লা-হিললাযি আযহাবা আন্নিল আযা ওয়া 'আফানী' দু'আ পাঠ করা

টয়লেট সারার পর বলবে, 'গুফরা-নাকা', যা ছহীহ হাদীছ দ্বারা প্রমাণিত।[1] 'আল-হামদুলিল্লা-হিললাযি.. মর্মে বর্ণিত হাদীছ যঈফ।

عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ قَالَ كَانَ النَّبِيُّ ﷺ إِذَا خَرَجَ مِنْ الْخَلَاءِ قَالَ الْحَمْدُ لِلَّهِ الَّذِىْ أَذْهَبَ عَنِّي الْأَذَى وَعَافَانِىْ.

আনাস (রাঃ) বলেন, নবী করীম (ছাঃ) যখন পায়খানা থেকে বের হতেন তখন বলতেন, ঐ আল্লাহর যাবতীয় প্রশংসা, যিনি আমার কষ্ট দূর করেছেন ও আমাকে সুস্থ করেছেন।[2]

তাহক্বীক্ব : উক্ত বর্ণনার সনদে ইসমাঈল ইবনু মুসলিম নামে একজন রাবী আছে, সে মুহাদ্দিছগণের ঐকমত্যে যঈফ।[3]

ফুটনোট

[1]. ছহীহ আবুদাঊদ হা/৩০, ১/৫ পৃঃ; তিরমিযী হা/৭, ১/৭ পৃঃ।

[2]. ইবনু মাজাহ হা/৩০১, পৃঃ ২৬; মিশকাত হা/৩৭৪, পৃঃ ৪৪; বঙ্গানুবাদ মিশকাত হা/৩৪৫, ২/৭০ পৃঃ; বঙ্গানুবাদ সুনানু ইবনে মাজাহ (ঢাকা : ইসলামিক ফাউন্ডেশন বাংলাদেশ, দ্বিতীয় সংস্করণ : ডিসেম্বর ২০০৫), হা/৩০১, ১ম খন্ড, পৃঃ ১৪৯-১৫০।

[3]. যঈফ ইবনু মাজাহ হা/৩০১।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1807

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন